

তাগিদপত্র-১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-৩  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০১৬ .২০১০ (খন্ড-১).৩৭৫

তারিখ: ১০/০৯/২০১৮খ্রি:

বিষয়: রাজশাহী জেলার চারঘাট উপজেলাধীন নিমপাড়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মো: ইমদাদুল হক এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত ।


সূত্র: ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০১৬ .২০১০ (খন্ড-১).৫২ তারিখ: ১৬/০১/২০১৮

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত পত্রে রাজশাহী জেলার চারঘাট উপজেলাধীন নিমপাড়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মো: ইমদাদুল হক ভূয়া ব্যাংক নন-ড্রয়াল সনদ দাখিল করে এম.পি.ও ভুক্ত হওয়ার অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁর বিরুদ্ধে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছিল ।

- (ক) জনবল কাঠামো নির্দেশিকা ১৮ ১(গ) অনুচ্ছেদ অনুযায়ী জনাব মো: ইমদাদুল হক এর বেতন ভাতার সরকারী অংশ সাময়িকভাবে স্থগিত করে কেন তা স্থায়ীভাবে বাতিল করা হবে না সে মর্মে কারণ দর্শানো ;
- (খ) জনাব মো: ইমদাদুল হক কর্তৃক ভূয়া ব্যাংক নন-ড্রয়াল সনদ দাখিল করায় তাঁর বিরুদ্ধে ফৌজদারী মামলা দায়ের করণ;
- (গ) জনাব মো: ইমদাদুল হক কর্তৃক এ যাবত গৃহীত অর্থ চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে ;
- (ঘ) প্রয়োজনে PDR Act, ১৯১৩ এ মামলা দায়ের করে এ অর্থ আদায় করতে হবে ।

২.০ এমতাবস্থায়, উপরোক্ত ব্যবস্থা গ্রহণ করে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগকে অবহিত করার জন্য পুনরায় নির্দেশক্রমে অনুরোধ করা হলো ।

সংযুক্তি : বর্ণনামতে

  
(মো: কামরুল হাসান)  
উপসচিব  
ফোন : ৯৫৪০৫১৭

মহাপরিচালক  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে :

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)